# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

(১) রাজ্যে অবৈধভাবে চলতে থাকা লটারিকে গৌহাটি হাইকোর্টের নিষিদ্ধ ঘোষণা/

(২) আসামের প্রশাসনিক ব্যবস্থাকে আরো সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে আগামীকাল ও আগামী শনিবার রাজ্যের ২১টি জেলায় ৩৯ টি সম-জেলার উদ্বোধন/

(৩) করিমগঞ্জে আগামীকাল দুটি সম-জেলার উদ্বোধন/

এবং

(৪) দেবীপক্ষের শুক্লা প্রতিপদ তিথিতে আজ থেকে নবরাত্রি উৎসব শুরু/

---------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্ট রাজ্যে অবৈধভাবে চলতে থাকা লটারির ব্যবসাকে নিষিদ্ধ ঘোষণা করেছে । আজ আদালতে এক জনস্বার্থ জনিত মামলার শুনানি গ্রহণ করে হাইকোর্টের মুখ্যবিচারপতি বিজয় বিষ্ণয় এবং বিচারপতি উন্নীকৃষ্ণ নায়ারের ডিভিসন বেঞ্চ অফলাইন এবং অনলাইন, কোনো মাধ্যমেই লটারি আয়োজনের অনুমতি দেওয়া হবে না বলে জানিয়েছে । এবং এরজন্যে রাজ্যের সকল জেলা আয়ুক্ত এবং পুলিশ সুপারদের প্রতি নিদের্শ জারি করতে আসাম সরকারকে নির্দেশ দিয়েছে । একইসঙ্গে অবৈধভাবে কোনো লটারির আয়োজনের ঘটনা দৃষ্টিগোচর হলে সঙ্গে সঙ্গে সেইসব আয়োজকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে পুলিশ সুপারদের নির্দেশ দিয়েছে ।

---

রাজ্যের প্রশাসনিক ব্যবস্থাকে সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে আগামীকাল এবং আগামী শনিবার পর্যায়ক্রমে আসামের ২১টি জেলায় ৩৯টি সম-জেলার উদ্বোধন করা হবে । উল্লেখ্য- ধুবড়ি জেলার বিলাসীপাড়া এবং গোলকগঞ্জকে সম-জেলা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে । অনুরূপভাবে বঙাইগাওয়ের অভয়াপুরী, কামরূপ জেলার রঙিয়া, নগাঁও জেলার কলিয়াবর এবং রহাকে সম-জেলা হিসেবে ঘোষণা করা হয়েছে । অনুরূপভাবে রাজ্যের অন্যান্য জেলার সঙ্গে কাছাড়ের লক্ষ্মীপুর এবং করিমগঞ্জ জেলার পাথারকান্দি ও রামকৃষ্ণনগরকে সম-জেলা হিসেবে ঘোষণা করা হয়েছে । রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া আগামীকাল ঐ দুটি সম-জেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন । রামকৃষ্ণ নগরে আগামীকাল বেলা এগারোটায় এবং পাথারকান্দিতে আগামীকাল দুপুর ২ টো-৩৫ মিনিটে তিনি এই সম-জেলার উদ্বোধন করবেন বলে আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন ।

উল্লেখ্য-আসাম ক্যাবিনেটের সিদ্ধান্ত অনুযায়ী রাজ্যসরকারের পূর্বঘোষিত উপ-জেলাগুলিকে বর্তমানে সম-জেলা হিসেবে নামাঙ্কিত করা হয়েছে ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ছাত্রছাত্রীদেরকে তাদের চরিত্র হানিকর কোনোধরণের কাজ না করার আহ্বান জানিয়েছেন । তাদের আচার ব্যবহারে এবং দৈনন্দিন জীবনে নৈতিক মূল্যবোধ সমূহ মেনে চলার জন্য তিনি আহ্বান জানিয়েছেন । রাজস্থানে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে রাষ্ট্রপতি একবিংশ শতাব্দীতে প্রতিটি ক্ষেত্রে দ্রুত পরিবর্তন হচ্ছে বলে মত প্রকাশ করেছেন । শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে এই পরিবর্তন হয়েছে বলে তিনি উল্লেখ করেন । শ্রীমতি মুর্মু শিক্ষার মান অর্থবহ করে তোলার জন্যে ছাত্রছাত্রীদেরকে সময়ের সদব্যবহার করার আহ্বান জানিয়েছেন । তিনি সামাজিক ও ব্যক্তিগত জীবনের মধ্যে সমতা রক্ষা করে চলার উপর গুরুত্ব আরোপ করেছেন । রাষ্ট্রপতি আরো বলেন যে- ২০৪৭ সালের মধ্যে আমাদের দেশকে উন্নত দেশ হিসেবে পরিগণিত করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । যুবপ্রজন্মের অবদানের মাধ্যমে দেশের এই লক্ষ্য পূরণ হবে বলে তিনি মত প্রকাশ করেন । শ্রীমতি মুর্মু সমাজের প্রতিটি ক্ষেত্রে মহিলাদের এগিয়ে আসার বিষয়টি দেশ তথা সমাজের জন্যে গৌরবের বিষয় বলে অভিহিত করেন ।

---

আকাশবাণীর জনপ্রিয় ‘প্রধানমন্ত্রীর মন কী বাত’ অনুষ্ঠান আজ ১০ বছর সম্পূর্ণ করেছে । ২০১৪ সালের আজকের দিনটিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আকাশবাণীর মন

কী বাত অনুষ্ঠানের মাধ্যমে জনসাধারণের সঙ্গে মত বিনিময় কার্যসূচীর সূচনা করেছিলেন ।প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠানটির ১০ বছরের যাত্রায় সামাজিক , সাংস্কৃতিক , পরিবেশ , আচরণ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে দেশের জনসাধারণের মধ্যে ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হয়েছে ।প্রধানমন্ত্রী এবং জনসাধারণের মধ্যে যোগসূত্র স্থাপনের ক্ষেত্রে মন কী বাত কার্যসূচী একটি গুরুত্বপূর্ণ মঞ্চ হিসেবে বিবেচিত হয়েছে ।মন কী বাতের বিগত পর্বে প্রধানমন্ত্রী বলেছিলেন যে এই অনুষ্ঠানের প্রতিটি পর্ব এক নতুন রেকর্ড , নতুন গাঁথা সৃষ্টি করতে সক্ষম হয়েছে । মন কী বাতের শ্রোতারাই এই কার্যসূচীর প্রকৃত অনুপ্রেরণা বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছিলেন ।

-----------------------------------------------------------------------------------

লিঙ্গসাম্যের প্রতি সমর্থন জানিয়ে কাছাড়ের জেলা প্রশাসনের উদ্যোগে আর্ন্তজাতিক কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে আজ থেকে সপ্তাহব্যাপী কার্যসূচীর অঙ্গ হিসেবে কাছাড় জেলায় আজ এক শোভাযাত্রার পতাকা নেড়ে সূচনা করেন জেলা আয়ুক্ত মৃদুল যাদব । 'বেটি বাচাও বেটি পড়াও' কর্মসূচীর আওতায় যুবতীদের সবলীকরণ এবং বহনক্ষম উন্নয়নের বিষয়ে তাদের কণ্ঠস্বর আরো তীব্র করে তোলার লক্ষ্যে এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। কাছাড়ের জেলা প্রশাসন এবং এন সি সি'র ৬২ গার্লস ব্যাটেলিয়ানের যৌথ উদ্যোগে 'সঙ্কল্প: হাব ফর এমপাওয়ারমেন্ট অব ওমেন-কাছাড়' শীর্ষক এই র‍্যালিতে ৭৭জন মেয়ে সহ প্রায় একশোজন অংশগ্রহণ করে ।

-----------------------------------------------------------------------------------

দেবী পক্ষের আজ শুক্লা প্রতিপদ তিথি থেকে ধর্মীয় আচার অনুষ্ঠান এবং উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে ৯ দিন ব্যাপী আয়োজিত নবরাত্রী উৎসব শুরু হয়েছে ।নবরাত্রীর সময় ভক্তরা ৯ দিনে দেবী দূর্গার ৯ টি রূপের পূজো করেন । আজ প্রথমদিন শৈলপুত্রী হিসেবে মা দূর্গার আরাধনা করা হয় ।এরপর ক্রমান্বয়ে ব্রহ্মচারিনী , চন্দ্রঘন্টা , কুষ্মান্ড , স্কন্দমাতা , কাত্যায়নী রূপে পূজো করা হবে । মহাষষ্ঠির সন্ধ্যায় দেবীর বোধনের পর মহাসপ্তমীতে কালরাত্রী রূপে , মহাষ্টমীতে মহাগৌরী ও মহানবমীতে সিদ্ধিদাত্রী রূপে দেবীর পূজো করার পর দশমীতে দেবীর বিসর্জন করা হয় ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নবরাত্রী উপলক্ষে জনসাধারণের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।এদিকে এবছরের পঞ্জিকা অনুযায়ি দেবী দোলায় আগমন ও ঘোড়ায় গমন করবেন । দূর্গাপূজো উপলক্ষে বিভিন্ন স্থানে পূজো মন্ডপগুলো সুন্দর করে সাজিয়ে তোলা হচ্ছে ।দোকান বাজার ইত্যাদিতেও ভীড় পরিলক্ষিত হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ চলতি সপ্তাহে কাছাড় জেলা সহ ডিব্রুগড় , তিনশুকিয়া ও লোয়ার আসামের কয়েকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা প্রকাশ করেছে ।ডিমা হাসাও এবং পশ্চিম কার্বি-আংলং জেলায় ও অবিরাম বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ জেলা আয়ুক্ত সভাকক্ষে এক গুরুত্বপূর্ণ বৈঠকে অংশগ্রহণ করে জাতীয় নাগরিক পঞ্জী থেকে কিছু অসঙ্গতির কারণে নাম বাদ পড়া লোকেদের রেশন কার্ডের আওতায় আনার জন্য একটি সুসংহত রূপরেখা প্রস্তুত করার বিষয়ে আলোচনা করেন ।রাজ্যসরকারের নির্দেশে এই বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে এবং ভুক্তভোগী লোকেদের এই জরুরী পরিষেবার আওতায় আনতে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।সভায় বিধায়ক মিহির কান্তি সোম , খলিল উদ্দিন মজুমদার ,অতিরিক্ত জেলা আয়ুক্ত খালেডা সুলতানা আহমেদ সহ বিভিন্ন বিভাগীয় আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব গতকাল জেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করে বর্তমান পরিস্থিতি সর্ম্পকে অবগত হয়েছেন । জেলা আয়ুক্ত প্রথমে কাটিগড়া এলাকার সুমজুড়াই , মহাদেবপুর এবং শান্তিপুর অঞ্চলের জল সম্পদ বিভাগের কাজ পরিদর্শন করেন । এরপর শ্রী যাদব কালাইন উন্নয়ন খন্ডের অধীন গুমড়া গ্রাম পঞ্চায়েতের পুবেরগ্রাম জল প্রকল্প এবং কালীবাড়ী চা বাগান জল প্রকল্প দুটি পরিদর্শন করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পগুলির কাজ শেষ করতে বিভাগীয় আধিকারীকদের নির্দেশ দেন ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় রেলসেবার সহযোগিতায় এবং ইম্প্যাক্ট ইন্ডিয়া ফাউন্ডেশনের উদ্যোগে বদরপুর রেলষ্টেশনে ট্রেনের বগিতে গত ২৪ শে সেপ্টেম্বর থেকে মাল্টি স্পেশালিটি হাসপাতাল পরিষেবা শুরু হয়েছে ।এই হাসপাতালে বিশিষ্ট চিকিৎসকদের দ্বারা প্লাস্টিক সার্জারি , স্তন ক্যান্সার , নাক কান গলা ইত্যাদি রোগের পরীক্ষা করা সহ অপারেশনের ব্যবস্থাও রয়েছে । ইতিমধ্যে কানের সমস্যা থাকা ৪ হাজার ৭৫০ জন রোগীর বিনামূল্যে চিকিৎসা করা হয়েছে ।৩৫০ জনের কানের অপারেশন করা হয়েছে ।বিভিন্ন বিভাগে আজ পর্যন্ত ১০ হাজারেরও বেশী রোগীর চিকিৎসা করা হয়েছে বলে উদ্যোক্তাদের পক্ষ থেকে জানানো হয়েছে ।অপারেশনের জন্য নির্বাচিত রোগীদের বিনামূল্যে অপারেশন

এবং থাকা খাওয়ার ব্যবস্থা করা হয়েছে ।এই পরিষেবা আগামী ১০ অক্টোবর পর্যন্ত চলবে ।

---

এদিকে রাজ্যের সামাজিক ন্যায় ও সবলীকরণ সঞ্চালকালয়ের দিব্যাঙ্গ ছাত্রছাত্রীদের জন্যে নির্দিষ্ট জলপানি প্রকল্পের আওতায় ইচ্ছুক শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন পত্র চাওয়া হয়েছে । এই প্রকল্পের অধীনে প্রাথমিক বিদ্যালয় থেকে স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত অধ্যয়নরত দিব্যাঙ্গ ছাত্রছাত্রীদের মাসিক দুশো টাকা করে জলপানি দেওয়ার ব্যবস্থা রয়েছে । ইচ্ছুক ছাত্রছাত্রীদের আগামী ১৬ই অক্টোবরের মধ্যে সংশ্লিষ্ট জেলা সমাজকল্যাণ আধিকারিকের কার্যালয়ে আবেদন দাখিল করতে বলা হয়েছে ।

---

আসাম সরকার আনন্দরাম বড়ুয়া নগদ অর্থ প্রদান প্রকল্পের আওতায় আবেদন করা ছাত্রছাত্রীদের মধ্যে ৯৮২ জনের ব্যাংক অ্যাকাউন্টের তথ্যে অসঙ্গতি ধরা পড়েছে । এর পরিপ্রেক্ষিতে রাজ্যের মাধ্যমিক সঞ্চালক শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রধানদের এসব ছাত্রছাত্রীর সঙ্গে যোগাযোগ করে আগামী শনিবারের মধ্যে তাদের ব্যাংক অ্যাকাউন্টের সঠিক তথ্য সহ নতুন করে আবেদন করার নির্দেশ জারি করেছেন । এই নির্দেশে আরও উল্লেখ করা হয়েছে যে- ২০২৪ সালের মাধ্যমিক পরীক্ষায় ৭৫ শতাংশের বেশি নম্বর পাওয়া মোট ২৬ হাজার ৯৬৯ জন শিক্ষার্থী আনন্দরাম বড়ুয়া নগদ অর্থ প্রদান প্রকল্পের যোগ্য বিবেচিত হয়েছিল ।

---

শিলচর রাধামাধব কলেজের বাংলা বিভাগের সম্পাদনায় কৃষ্ণকলি দেয়াল পত্রিকার অষ্টাদশ সংখ্যা আজ প্রকাশিত হয়েছে । কলেজের উপাধ্যক্ষ তথা বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ডক্টর রাহুল চক্রবর্তী দেয়াল পত্রিকার উন্মোচন করেন এবং পত্রিকার সঙ্গে যুক্ত শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের অভিনন্দন জানিয়েছেন ।

---

করিমগঞ্জ জেলা প্রশাসন এবং স্বাস্থ্য বিভাগের যৌথ ব্যবস্থাপনায় গতকাল জাতীর জনক মহাত্মা গান্ধীর ১৫৫তম জন্ম বার্ষিকী আর্ন্তজাতিক অহিংসা দিবস উপলক্ষ্যে তামাকমুক্ত যুব সমাজ গঠনে শপথ বাক্য পাঠ করা হয়েছে । শপথ গ্রহনে পাথারকান্দির বিধায়ক কৃষনেন্দু পাল , অতিরিক্ত জেলা আয়ুক্ত মির্নাভা দেবী আরম্বাম , জেলা তামাক নিয়ন্ত্রন সমিতির নোডাল আধিকারীক ডক্টর বি কে সিং অংশ গ্রহন করেন ।

---

হাইলাকান্দি জেলার সাঁকো সাহিত্য পত্রিকার বিংশতিতম পূজা সংখ্যা গত বুধবার উন্মোচন করা হয়েছে । কবি ও চিত্র পরিচালক আশুতোষ দাস ও পৌর সদস্যা উমা চৌধুরী যৌথভাবে সাঁকো সাহিত্য পত্রিকার উন্মোচন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক সুশান্ত মোহন চট্টোপাধ্যায় স্বাগত বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------

পানীভরা ক্লেভার হাউস আয়োজিত ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় বখরাপার এফ সি ২-১ গোলে মালুগ্রাম মণিপুরী এফ সি-কে পরাজিত করেছে । স্থানীয় ক্লেভার হাউস প্রাথমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার পরবর্তী খেলা আগামী শনিবার মনিয়ারখাল টি এস্টেট ও দার্বি টি এস্টেট দলের মধ্যে অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------